



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)

এবং



ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ- এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত
সমঝোতা স্মারক

জুলাই-১, ২০১৫ হতে জুন ৩০, ২০১৬

সূচিপত্র

| | |
|--------------------------------------------------|----|
| প্রতিষ্ঠানের কর্মসম্পাদনের সংক্ষিপ্ত চিত্র | ০৩ |
| প্রস্তাবনা | ০৪ |

সেকশন ১:

| | |
|-----------------------------|----|
| ❖ রূপকল্প (Vision) | ০৫ |
| ❖ অভিলক্ষ্য (Mission) | ০৫ |
| ❖ কৌশলগত উদ্দেশ্যসমূহ | ০৫ |
| ❖ কার্যাবলি | ০৫ |

সেকশন ২:

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ:

| | |
|--------------------------------------|----|
| ক) কৌশলগত উদ্দেশ্যসমূহ | ০৬ |
| খ) আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | ০৭ |

প্রতিষ্ঠানের কর্মসম্পাদনের সংক্ষিপ্ত চিত্র
(Overview of the Performance of the Institutions)

➤ সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

➤ সাম্প্রতিক বছর সমূহের (৩বছর) প্রধান অর্জনসমূহ

- ১। বিগত তিন বছরের মোট নীট মুনাফা ১১৫২.০৪ কোটি টাকা, মাথা পিছু নীট আয় গড়ে ০.৬২ কোটি টাকা, শেয়ারমালিকগণকে বিতরণকৃত লভ্যাংশ ৫২৭.৩৪ কোটি টাকা এবং সরকারি কোষাগারে ৪৬৪.৫২ কোটি টাকা প্রদান যা সমজাতীয় যে কোন প্রতিষ্ঠান থেকে বেশী। মূলধন কাঠামো অনেক শক্তিশালী হয়েছে (৩০ জুন ২০১৫ তারিখে মূলধন পর্যাঙ্গতা অনুপাত ৩৯.৩১%)।
- ২। ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ আইন ২০১৪ প্রণয়ন, পঞ্চবার্ষিকী ব্যবসায়িক পরিকল্পনা প্রণয়ন, সর্বোচ্চ ক্রেডিট রেটিং অর্জন, শূদ্ধাচার কৌশল গ্রহণ এবং পর্যায়ক্রমে বাস্তবায়ন, সিটিজেন চার্টার প্রণয়ন এবং প্রদর্শন, ত্রৈমাসিক আইসিবি পরিক্রমা প্রকাশ, বিগত তিন বছরে মোট ১৬১জন কর্মকর্তা-কর্মচারী নিয়োগ প্রদান, নিজস্ব প্রশিক্ষণ কেন্দ্রে কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান শুরু, ডিজিটালাইজেশনের মাধ্যমে গ্রাহক সেবার মান উন্নয়ন, সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে সিএসআর কার্যক্রম বৃদ্ধিকরণ;
- ৩। পুঁজিবাজারের গতিশীলতা বৃদ্ধি এবং পণ্য ও সেবা উদ্ভাবনে সাফল্য রয়েছে। যার ফলে অর্থনীতি/পুঁজিবাজার উপকৃত হয়েছে, যেমন:
 - ক) প্রস্তাবিত পাঁচ হাজার কোটি টাকার বাংলাদেশ ফান্ড গঠন ও পরিচালনার কারণে পুঁজিবাজারে আস্থা সৃষ্টি হয়েছে;
 - খ) সিকিউরিটিজে ৫৯১৯.৬৯ কোটি টাকা বিনিয়োগ, সেকেন্ডারি মার্কেটে ৩৫৭৯১ কোটি টাকা লেনদেন মিউচুয়াল ফান্ডসমূহে সর্বোচ্চ (প্রথম মিউচুয়াল ফান্ডে ১০০০%) লভ্যাংশ প্রদান, রাইট ইস্যুর মাধ্যমে ১০৫৫ কোটি টাকা সংগ্রহ ও বিনিয়োগ;
 - গ) স্টক এক্সচেঞ্জসমূহের ডিমিউচুয়ালাইজেশনকরণে সক্রিয় অংশগ্রহণ। ২০১০-১১ অর্থবছরে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের স্বার্থে পুনঃঅর্থায়ন স্কিম প্রণয়নে সক্রিয় ভূমিকা পালন। এ স্কিমের অধীনে গঠিত ৯০০ কোটি টাকার বিশেষ তহবিল ব্যবস্থাপনা;
 - ঘ) তথ্যের নিরাপত্তার জন্য আইসিবির উদ্যোগে রাষ্ট্র মালিকানাধীন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান ও সরকারের সম্পৃক্ততায় যশোরে ডিআরএস স্থাপনের কার্যক্রম শুরু হয়েছে। বিশ্ব ব্যাংকের সহায়তায় ফিজিবিলিটি স্টাডি চলছে। ইতোমধ্যে মন্ত্রণালয় এবং মাননীয় প্রধানমন্ত্রীর প্রাথমিক সম্মতি পাওয়া গেছে;
 - ঙ) প্রবাসীদের অর্থ শিল্পায়নে বিনিয়োগের জন্য আইসিবির প্রস্তাবিত “প্রবাসী শিল্প বিনিয়োগ ফান্ড” মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত জাতীয় শিল্প উন্নয়ন কাউন্সিলের সভায় অনুমোদিত হয়েছে;
 - চ) সম্ভাব্য ক্ষেত্রে নন-পারফর্মিং ঋণকে পারফর্মিং করার লক্ষ্যে অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে;
 - ছ) ইইএফ-কে ভেঞ্চার ক্যাপিটালে রূপান্তর এবং ক্ষুদ্র ও মধ্যম মূলধন বিশিষ্ট কোম্পানির জন্য ভিন্ন বাজার সৃষ্টি এবং ওটিসি-কে কার্যকর করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে;
 - জ) আইসিটি কার্যক্রম যুগোপযোগী করার লক্ষ্যে ডেস্কটপ ভিত্তিক সফটওয়্যারসমূহ-কে ওয়েব ভিত্তিক-এ রূপান্তর করা হচ্ছে।
- ৪। নিজস্ব ভবনের স্থান মিরন্ডা জোন হতে কমার্শিয়াল জোনে রূপান্তরের মাধ্যমে ৪০তলা ভবন নির্মাণ কার্যক্রম শুরু করা হয়েছে;
- ৫। ইইএফ-এর অধীনে জুন ২০১৫ পর্যন্ত কৃষি ও আইটি খাতে সর্বমোট ৩০৪১.৪২ কোটি টাকা মঞ্জুরি এবং ৭০০টি প্রকল্পে ৫৩৭ জন নারী উদ্যোক্তাসহ ৩৮১০৭ জন লোকের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে।
- ৬। এছাড়া, অ্যাসেট ম্যানেজমেন্ট, ট্রাস্টি, কাস্টোডিয়ান, মার্চেন্ট ব্যাংকিং, মিউচুয়াল ফান্ড অপারেশন, স্টক এক্সচেঞ্জে স্থানীয় লেনদেনসহ সকল ক্ষেত্রে আইসিবি এককভাবে সর্বোচ্চ মার্কেট শেয়ার অর্জন করতে সক্ষম হয়েছে।

➤ সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

পুঁজিবাজারে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের দ্রুতবর্ধমান প্রতিযোগিতা, বিভিন্ন নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে পুঁজিবাজারে ব্যাপক উত্থান-পতন এবং আমানত সংগ্রহ ও তহবিল ব্যবস্থাপনায় প্রতিবন্ধকতা, বাজার পরিস্থিতির কারণে মার্জিন ঋণ আদায় এবং বিদ্যমান পরিস্থিতিতে বৃহৎ ঋণ আদায়ে প্রতিবন্ধকতা, ইইএফ উদ্যোক্তাগণের শেয়ার বাই-ব্যাক-এ অনীহা, আদালত পরিস্থিতির কারণে মামলা নিষ্পত্তিতে বিলম্ব, কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রতিযোগিতামূলক সুযোগ-সুবিধা প্রদানের অভাব, বৈদেশিক প্রশিক্ষণের সীমাবদ্ধতা, নিজস্ব কোন স্থায়ী ভবন না থাকা।

➤ ভবিষ্যৎ পরিকল্পনা

- পুঁজিবাজারের স্থিতিশীলতা ও উন্নয়নে সর্বোচ্চ গুরুত্ব প্রদান, বন্ড বাজার উন্নয়ন ও বিনিয়োগ এবং মার্কেট মেকিং ফান্ড গঠন, প্রবাসী বাংলাদেশীদের বিনিয়োগ ক্ষেত্র সম্প্রসারণ ও বিনিয়োগ উৎসাহিত করার লক্ষ্যে প্রবাসী বাংলাদেশী শিল্প ফান্ড গঠন;
- পরিকল্পনা অনুযায়ী অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি, ডিআরএস কোম্পানি এবং ভেঞ্চার ক্যাপিটাল কোম্পানি গঠন;
- ছোট ও মধ্যম আকারের কোম্পানির জন্য একটি বিকল্প বাজার গঠনের উদ্যোগ গ্রহণ।

➤ ২০১৫-১৬ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

পারফরমেন্স ইন্ডিকটরসমূহের নির্ধারিত লক্ষ্যমাত্রা ১০০% অর্জন, নিজস্ব ভবন নির্মাণ, মানবসম্পদ উন্নয়ন (দেশে ও বিদেশে প্রশিক্ষণ), জনবল নিয়োগ, নিজস্ব ভবনের কাজ শুরু, পুঁজিবাজার উন্নয়ন ও স্থিতিশীলতার জন্য সার্বিক সহযোগিতা প্রদান, গ্রাহক সেবার মান উন্নয়ন ও যুগোপযোগী করার প্রয়াস অব্যাহত রাখা, মার্চেন্ট ব্যাংকিং, মিউচুয়াল ফান্ড অপারেশনস, ট্রেডিং, ট্রাস্টি ও কাস্টোডিয়ান কার্যক্রমসহ সকল ক্ষেত্রে মার্কেট লিডারের ভূমিকা অব্যাহত রাখা।

প্রস্তাবনা (Preamble)

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ এর প্রতিনিধি হিসেবে চেয়ারম্যান, পরিচালনা বোর্ড ও ব্যবস্থাপনা পরিচালক

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এর মধ্যে ২০১৫ সালের অক্টোবর মাসের ১২ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষরিত হল।

এই সমঝোতা স্মারকে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

- কর্পোরেশনের অভিলক্ষ্য ও কৌশলগত উদ্দেশ্যসমূহ অর্জনে পারস্পারিক সহায়তা প্রদান;
- পারফরমেন্স ইন্ডিকেটরসমূহের নির্ধারিত লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জন করা;
- স্থিতিশীল পুঁজিবাজার সৃষ্টিতে সর্বাধিক গুরুত্ব প্রদান করা;
- পুঁজিবাজার উন্নয়নের জন্য সংশ্লিষ্ট সকল স্টেকহোল্ডারদের সাথে সমন্বিত পদক্ষেপে গ্রহণ করা;
- বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির অগ্রযাত্রাকে অব্যাহত রাখাতে পারস্পারিক সহায়তা করা;
- বিনিয়োগের ক্ষেত্র সম্প্রসারণ ও উৎসাহ প্রদান করা;
- পুঁজিবাজারে নতুন নতুন উপায় উদ্ভাবনে সহায়তা প্রদান করা;
- দেশের সঞ্চয় ও বিনিয়োগ বৃদ্ধি করে মিলিনিয়াম ডেভেলপমেন্ট গোল এবং সাসটেইন্যাবল ডেভেলপমেন্ট গোল অর্জনে সহায়তা করা; এবং
- বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক (জুলাই ২০১৫- জুন ২০১৬) এর সকল শর্ত ও লক্ষ্যসমূহ বাস্তবায়নের জন্য স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণসহ সার্বিক সহায়তা প্রদান ।

সেকশন ১:

প্রতিষ্ঠানের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision):

নেতৃত্ব প্রদানকারী শীর্ষস্থানীয় আর্থিক প্রতিষ্ঠান হিসেবে গৌরবান্বিত অগ্রযাত্রা অব্যাহত রাখা যাতে অন্যান্য প্রতিযোগী প্রতিষ্ঠানের নিকট সফল ও অনুকরণীয় প্রতিষ্ঠান হিসেবে পরিগণিত হয়।

১.২ অভিলক্ষ্য (Mission):

- আইসিবি-কে একটি দায়িত্বশীল, আর্থিক স্থপতি, সমাধান প্রদানে কৌশলী, ব্যবসায়িক নীতি নির্ধারণে উদ্ভাবনী এবং শীর্ষ পারফরম্যান্সধারী বিনিয়োগকারী আর্থিক প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা;
- আইসিবি আইনে প্রদত্ত ম্যান্ডেট অনুযায়ী বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির অগ্রযাত্রাকে অব্যাহত রাখতে সহায়তা করা;
- সম্পদের সুষ্ঠু ব্যবহারের মাধ্যমে শেয়ারহোল্ডারদের জন্য সর্বোত্তম মুনাফা ও প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে মূল্যবোধ, দৃষ্টিভঙ্গি, আচরণ এবং অঙ্গীকারের মানদণ্ড স্থাপনে ঐকান্তিক প্রচেষ্টা অব্যাহত রাখা;
- সৃজনশীল সমাধানদাতা হিসেবে দেশীয় ও প্রবাসীদের সঞ্চয়কে সম্ভাবনাময় বিনিয়োগ পরিণত করার ক্ষেত্রে বিরাজমান সমস্যাবলী সমাধানের উপর গুরুত্বারোপ;
- দক্ষ নেতৃত্বদানকারী হিসেবে অনুকরণীয় দৃষ্টান্ত স্থাপনসহ গ্রাহকের স্বার্থ সংরক্ষণমূলক কার্যক্রম পরিচালনা করা যাতে তাঁরা আইসিবির উপর নির্ভর ও বিশ্বাস স্থাপন করতে পারেন।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১.৩.১ প্রতিষ্ঠানের কৌশলগত উদ্দেশ্যসমূহ

বিনিয়োগের ক্ষেত্র সম্প্রসারণ ও উৎসাহ প্রদান, পুঁজিবাজার উন্নয়ন, সঞ্চয় সংগ্রহ, ব্যবসা বিস্তারের জন্য সাবসিডিয়ারি কোম্পানি গঠন ও উন্নয়ন, প্রাসঙ্গিক সকল প্রকার সহায়তা প্রদান।

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

দীর্ঘমেয়াদি অর্থায়নে এবং স্থিতিশীল পুঁজিবাজার সৃষ্টিতে সর্বাধিক গুরুত্ব প্রদান, বিনিয়োগ বৈচিত্র্যকরণের জন্য দেশের অর্থনৈতিক প্রয়োজন এবং সামাজিক উদ্দেশ্য ও জনগণের জীবনযাত্রার মান উন্নয়ন ও নিরাপত্তার প্রতি অধিকতর গুরুত্ব দেয়া, দেশের সকল ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানের সাথে সমন্বয় করে বিভিন্ন প্রকল্পে অর্থায়ন, সরকারি বেসরকারি উদ্যোগের মধ্যে সমন্বয় সৃষ্টি এবং অর্থায়ন, পুঁজিবাজারে নতুন নতুন উপায় উদ্ভাবনে সহায়তা প্রদান, ইইএফ-কে একটি প্রাতিষ্ঠানিক রূপদানের জন্য সরকার/বাংলাদেশ ব্যাংকের সাথে সমন্বিত পদক্ষেপ গ্রহণ।

১.৪ কার্যাবলি (Functions):

- গ্লসমেন্ট ও ইকুইটি পার্টিসিপেশনসহ সরাসরি শেয়ার ও ডিবেঞ্চার ক্রয় এবং বিক্রয়, এককভাবে ও সিন্ডিকেটের মাধ্যমে লিজ অর্থায়ন এবং ব্যাংক গ্যারান্টি প্রদান, ইউনিট ফান্ড ও মিউচুয়াল ফান্ড সার্টিফিকেটের বিপরীতে অগ্রিম প্রদান;
- মিউচুয়াল ফান্ডসমূহ ও ইউনিট ফান্ড ব্যবস্থাপনা, সিকিউরিটিজ ক্রয়-বিক্রয়ে অংশগ্রহণ এবং সংশ্লিষ্ট পোর্টফোলিও ব্যবস্থাপনা, বিনিয়োগ হিসাব ব্যবস্থাপনা এবং বিনিয়োগকারীদের পরামর্শ প্রদান, ট্রাস্টি ও কাস্টোডিয়ান হিসেবে দায়িত্ব পালন;
- ভেঞ্চার ক্যাপিটাল অর্থায়ন, ইকুইটি এন্ড এন্ট্রাপ্রেনরশীপ ফান্ড (ইইএফ) এবং বিভিন্ন সময়ে সরকার ঘোষিত বিশেষ তহবিল ব্যবস্থাপনা, বাজার চাহিদা উপযোগী নতুন ব্যবসার উদ্ভাবন ও পুঁজিবাজার সংক্রান্ত অন্যান্য আনুষঙ্গিক কার্যক্রম;
- মার্জার, একুইজিশন এবং অ্যাসেট পুনর্গঠন কার্যক্রমে সহায়তা প্রদান, রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠানের শেয়ার অফলোড প্রক্রিয়ায় অংশগ্রহণ, যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত কোম্পানির অর্থায়নে অংশগ্রহণ, হোল্ডিং কোম্পানি হিসেবে সাবসিডিয়ারি কোম্পানিসমূহের কার্যক্রম তত্ত্বাবধান।

সেকশন -২ (ক): কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার কর্মসম্পাদন সূচক, কার্যক্রম এবং লক্ষ্যমাত্রাসমূহ।

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ এর কৌশলগত উদ্দেশ্য সমূহ।

| ক্র. নং | ইভিকিটের বর্ণনা | একক | ২০১৩-১৪ এর অর্জন | ২০১৪-১৫ এর অর্জন (সাময়িক) | ২০১৫-১৬ এর লক্ষ্যমাত্রা | ২০১৬-১৭ এর লক্ষ্যমাত্রা | ২০১৭-১৮ এর লক্ষ্যমাত্রা | Weight Factor |
|---------|----------------------------------------------|----------------------|------------------|----------------------------|-------------------------|-------------------------|-------------------------|---------------|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | নীট মুনাফা | কোটি টাকায় | ৩৬০.৫৮ | ৪৩০.০০ | ৪০০.০০ | ৪১০.০০ | ৪২১.০০ | ১০ |
| ২ | মোট আয় | কোটি টাকায় | ১০৫৯.৭৯ | ১১৩৬.৫০ | ১২০০.০০ | ১২৫০.০০ | ১৩০০.০০ | ১০ |
| ৩ | সিকিউরিটিজে নতুন বিনিয়োগ | কোটি টাকায় | ২০৬৮.৮৩ | ২৩৮২.৪৭ | ২৭৬০.০০ | ২৯০০.০০ | ৩০৪০.০০ | ১০ |
| ৪ | ঋণ ও অগ্রিম বিতরণ (সমষ্টিত) | কোটি টাকায় | ১৭১৬.৮৪ | ১৪১১.৯৪ | ১৫৫০.০০ | ১৬২০.০০ | ১৬৫০.০০ | ৫ |
| ৫ | শ্রেণিকৃত ঋণ হতে নগদ আদায় | কোটি টাকায় | ১০৬.০০ | ১২০.০৫ | ১২৫.০০ | ১২৫.০০ | ১২৫.০০ | ১০ |
| ৬ | মূলধন পর্যাপ্ততা অনুপাত (CAR) | শতকরা হিসেবে | ৩১.০৯ | ৩৯.৩১ | ২৫.০০ | ২৫.০০ | ২৫.০০ | ১০ |
| ৭ | মোট সম্পদের তুলনায় নীট আয় (ROA) | শতকরা হিসেবে | ৩.৭৮ | ৩.৮৭ | ৩.৫০ | ৩.৩০ | ৩.২০ | ১০ |
| ৮ | প্রয়োজনীয় প্রতিশনের তুলনায় রক্ষিত প্রতিশন | শতকরা হিসেবে | ১০০.০০ | ১০০.০০ | ১০০.০০ | ১০০.০০ | ১০০.০০ | ৫ |
| ৯ | অটোমেশন বাস্তবায়ন | শতকরা হিসেবে | ২০.০০ | ২০.০০ | ২৫.০০ | ২৫.০০ | ১০.০০ | ৫ |
| ১০ | মানবসম্পদ উন্নয়ন (প্রশিক্ষণ) | ঘণ্টা/জন | ১১.৬২ | ৩২.১০ | ১০০.০০ | ১০০.০০ | ১০০.০০ | ৫ |
| ১১ | মামলা নিষ্পত্তি (রীট) | সংখ্যার শতকরা হিসেবে | ৬ | ২০ | ৫ | ৫ | ৫ | ২.৫ |
| | মামলা নিষ্পত্তি (অন্যান্য) | সংখ্যার শতকরা হিসেবে | ৭ | ২২ | ৫ | ৫ | ৫ | ২.৫ |
| | | | | | | | মোট | ৮৫ |








সেকশন - ২ খ

দপ্তর/সংস্থার আর্থিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | কলাম-৫ | কলাম-৬ | | | | | |
|---------------------------------------------------|--------------------------------------------------------|---------------------------------------|---------------------------------------------------------------------------------------------------------------|------------|---------------------------------------|---------------------|-----------------------|--------------|-----------------|--------------------------|
| | | | | | লক্ষ্যসাত্রার মান (২০১৫-২০১৬) | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very good) | উত্তম (good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| কৌশলগত উদ্দেশ্য (strategic objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objectives) | কার্যক্রম (objectives) | কর্মসম্পাদন সূচক (performance Indicator) | একক (unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very good) | উত্তম (good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | দক্ষতার সঞ্চে | ব্যাধিক কর্মসম্পাদন চুক্তি সাক্ষর | তারিখ | ১ | ১০০% | ১৫ অক্টোবর | ১৯ অক্টোবর | ২২ অক্টোবর | ২৬ অক্টোবর |
| দক্ষতার সঞ্চে | ৩ | ব্যাধিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | নির্ধারিত সময় সীমার মধ্যে চুক্তি সাক্ষরিত | সংখ্যা | ১ | ৫ | ৪ | ৩ | - | - |
| | | ব্যাধিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | দাখিলকৃত অর্ধবার্ষিক ও ত্রৈমাসিক প্রতিবেদন | তারিখ | ১ | ২৮ এপ্রিল ২০১৬ | ৫ মে ২০১৬ | ১২ মে ২০১৬ | ১৯ মে ২০১৬ | ২৬ মে ২০১৬ |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | কার্যক্রম (objectives) | কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন | জনঘণ্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | দক্ষতার সঞ্চে | জাতীয় সূচ্যচার কৌশল বাস্তবায়ন | তারিখ | ১ | ২৯ অক্টোবর | ০৮ নভেম্বর | ১৫ নভেম্বর | ২২ নভেম্বর | ২৯ নভেম্বর |
| তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য বাস্তবায়ন | ২ | কার্যক্রম (objectives) | তথ্য প্রকাশ নির্দেশিকা বাস্তবায়ন | তারিখ | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | দক্ষতার সঞ্চে | আওতাধীন দপ্তর/সংস্থায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| উদ্ভবন ও অভিযোগ পতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন | ৫ | কার্যক্রম (objectives) | দপ্তর/সংস্থার বার্ষিক প্রতিবেদন প্রণয়ন | তারিখ | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | দক্ষতার সঞ্চে | পরিবর্তিত ফরম্যাটে মন্ত্রণালয়/বিভাগ এবং মাঠপর্যায়ের দপ্তরসমূহের সিটিজেনস চার্চার প্রণয়ন | তারিখ | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| আর্থিক বাবাস্থাপনার উন্নয়ন | ২ | কার্যক্রম (objectives) | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | তারিখ | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | দক্ষতার সঞ্চে | সেবা প্রক্রিয়ায় উদ্ভবন কার্যক্রম বাস্তবায়ন | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| আর্থিক বাবাস্থাপনার উন্নয়ন | ২ | কার্যক্রম (objectives) | বাজেট বাস্তবায়ন পরিচালনা (Budget Implementation Plan) প্রণীত ও দাখিলকৃত ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন | তারিখ | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | দক্ষতার সঞ্চে | বহুরে অতি আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |

আমি চেয়ারম্যান, পরিচালনা বোর্ড এবং আমি ব্যবস্থাপনা পরিচালক, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ এর প্রতিনিধি হিসেবে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রীর প্রতিনিধি হিসেবে চেয়ারম্যান, পরিচালনা বোর্ড এবং ব্যবস্থাপনা পরিচালক, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

| | |
|-----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|-------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
|  সচিব ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ অর্থ মন্ত্রণালয় |  চেয়ারম্যান পরিচালনা বোর্ড ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ  ব্যবস্থাপনা পরিচালক ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ |
| সাক্ষী | |
|  (কামরুন্নেস নাসরিন, অর্থ: সচিব) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ অর্থ মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা |  মা: ইফতিখার-উল-হাসনা, সচিব উপ-প্রোগ্রামার পরিচালক, অর্থমন্ত্রণালয়, ঢাকা |
|  (কামরুন্নেস নাসরিন, অর্থ: সচিব) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ অর্থ মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা |  Md. Abul Hossain G.M. / ICB |

তারিখ ১২/১০/২০১৫